

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)  
প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৭ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ২৫০-আইন/২০২৪/৮৬/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ৩০ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৮৫-আইন/২০২৪/৩৭/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণ মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয়” শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যা, চিহ্ন ও কমাগুলির পরিবর্তে “সমুদয় কাস্টমস শুল্ক (Customs Duty),” শব্দগুলি, বন্ধনীগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।